002

তারিখ ... 7/8/83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

দৈনিক বাংলা

কমিটির রিপোর্ট পেশ

# প্রয়োজনে আইন করে সর্বস্তরে বাংলা চালুর সুপারিশ

পাঁচ সদস্য বিশিষ্ট 'বাংলাভাষা কমিটি'র আহ্বায়ক ডঃ মোঃ মনিরুজ্জামান বুধবার সকালে সচিবালয়ে শিক্ষা সচিব কাজী জালালউদ্দীন আহমদের কাছে প্রায় ১২০ পৃষ্ঠা সংবলিত চূড়ান্ত রিপোর্ট দাখিল করেন।

বিভিন্ন পর্যায়ে বিশিষ্ট ব্যক্তবর্গ, বিশেষজ্ঞ ও প্রতিষ্ঠানের সাথে

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## কমিটির রিপোর্ট

(১ম পৃঃ পর)

আলাপ-আলোচনা, দেশের প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় পর্যায় পর্যন্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ এবং বাংলাদেশের বিভিন্ন শিক্ষা ও ভাষা বিষয়ক রিপোর্টসমূহ পর্যালোচনার পর কমিটি এ চূড়ান্ত রিপোর্ট প্রণয়ন করেন।

রিপোর্টে বাংলাভাষাকে জীবনের সর্বস্তরে অবিকল্প মাধ্যম হিসাবে আন্তরিকতার সাথে এবং প্রয়োজনবোধে আইনের মাধ্যমে প্রতিষ্ঠার সুপারিশ করা হয়। এতে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সকল পাঠ্যপুস্তক বাংলায় প্রণয়ন এবং বিদেশী ভাষার বই বাংলায় অনুবাদের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধীনে একটি উচ্চতর পাঠ্যপুস্তক ও অনুবাদ বোর্ড গঠন, বিদেশীদের বাংলাভাষা শিক্ষা দানের সুষ্ঠু ব্যবস্থা হিসাবে একটি 'বাংলাভাষা প্রতিষ্ঠান' চালু এবং পাঠ্যপুস্তক, অফিস-আদালতে এবং সর্বস্তরে বাংলাভাষার ক্রমোচমান নির্ণয়, বাংলা উচ্চারণ, বানান ও ব্যবহারিক বাংলা প্রয়োগের জন্য একটি সুশৃংখল ব্যবস্থা গ্রহণের জন্য যথোপযুক্ত কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হয়েছে।

বাংলা ভাষা কমিটির রিপোর্ট বাস্তবায়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ডসমূহ, স্কুল টেক্সস্ট বুক বোর্ড, শিক্ষাক্রম উন্নয়ন কেন্দ্র, জাতীয় শিক্ষা প্রশাসন, সম্প্রসারণ ও গবেষণা ইনস্টিটিউট, কারিগরি শিক্ষা বোর্ড, বাংলা একাডেমী এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতরের কাছ থেকে অভিমত ও মন্তব্য সহকারে রিপোর্ট চাওয়া হয়েছে।

উল্লেখযোগ্য যে সরকার ১৯৮২ সালের ২০শে ডিসেম্বর প্রথম বারের মতো বাংলা ভাষা শিক্ষাদনের বর্তমান অবস্থা পর্যালোচনা, শিক্ষার মাধ্যম হিসাবে বাংলা ভাষার উন্নয়ন এবং বিদেশী ভাষা হিসাবে বাংলা ভাষা শিক্ষাদান পরীক্ষার জন্য পাঁচ সদস্য বিশিষ্ট 'বাংলা ভাষা কমিটি' গঠন করেন। কমিটির সদস্যদের মধ্যে ছিলেন ডঃ আল-মুতী শরফুদ্দীন, ডঃ আলাউদ্দীন আল-আজাদ, ডঃ রফিকুল ইসলাম ও অধ্যাপক মমতাজউদ্দীন আহমদ প্রমুখ। খবর তথ্য বিবরণীর।